

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইফ্রাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৭.০৩৫.১৭-০৫৮৯

তারিখ: ২০.১২.২০১৭ খ্রি:।

বিষয়: বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলার অর্জুনগাড়া তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসায় সহকারি শিক্ষক (বিজ্ঞান) পদে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত প্রার্থী নূরজাহান খাতুন এর নিয়োগ সম্পন্নক্রমে এ অধিদপ্তরকে অবহিত করনের নির্দেশনা অমান্য করায় কেন তার (সুপার) এমপিও বন্ধ করা হবেনা এ মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব নূরজাহান খাতুন এর আবেদন, দাখিল
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৪.০২.০০৯.১৬-০৪০৭,
(৩) অর্জুনগাড়া তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসার স্মারক নং অতাসিদামা.০০.১৪.১০.১৭,
এবং (৪) জনাব নূরজাহান খাতুন এর দরখাস্ত দাখিল
(৫) জেলা শিক্ষা অফিসার, বগুড়ার স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.৪৪৭.১৭-৪৪১

তারিখ: ০২ জুলাই ২০১৭খ্রি:;
তারিখ: ০৪.০৭.২০১৭খ্রি:;
তারিখ: ১৬.০৭.২০১৭খ্রি:; (২৪.০৭.২০১৭খ্রি. প্রাপ্ত)
তারিখ: ২১.০৮.২০১৭খ্রি.।
তারিখ: ২৫.০৯.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে আবেদনকারী উল্লেখ করেছেন যে, তাঁকে (নূরজাহান খাতুন) এনটিআরসিএ কর্তৃক বিষয় শিরোনামে বর্ণিত মাদরাসায় উল্লেখিত [সহকারি শিক্ষক (বিজ্ঞান)] পদে নিয়োগের জন্য সুপারিশ করা হলেও মাদরাসা কর্তৃপক্ষ তাঁকে যোগদান না করিয়ে চাকুরী থেকে বঞ্চিত করার চেষ্টা করছেন।

০২. আবেদনকারী কর্তৃক দরখাস্তের সাথে সংযুক্ত প্রমাণকসমূহ থেকে তাঁর অভিযোগের পক্ষে সত্যতা আছে মর্মে প্রতীয়মান হওয়ায় সূত্র(২)এ উল্লেখিত পত্রের মাধ্যমে তাঁকে(নূরজাহান খাতুন) নিয়োগ প্রদানের জন্য মাদরাসা কর্তৃপক্ষকে নির্দেশনা দেওয়া হয়।

০৩. মাদরাসা কর্তৃপক্ষ সূত্রে (৩) উল্লেখিত পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করে যে, উক্ত মাদরাসায় এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত ‘সহকারি শিক্ষক (বিজ্ঞান)’ পদটি শূন্য নেই; উক্ত পদে একজন শিক্ষক কর্মরত আছেন তবে সহকারি শিক্ষক (গণিত) পদটি শূন্য। এ কারণে সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ দেওয়া সম্ভব হচ্ছে না। উক্ত পত্রে মাদরাসা কর্তৃপক্ষ আরো জানিয়েছে যে, মাদরাসার সাবেক সুপার ভুলক্রমে এনটিআরসিএ-র নিকট সহকারী শিক্ষক (গণিত) এর পরিবর্তে সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর চাহিদা পত্র দিয়েছিলেন এবং উক্ত বিষয়টি এনটিআরসিএ-কে লিখিতভাবে অবহিত করা হয়েছে।

০৪. কিন্তু মাদরাসার ম্যানেজিং কমিটি তাকে নিয়োগ না দিয়ে নানাভাবে হযরানি করছে এবং এখনও পর্যন্ত নিয়োগ দেওয়া থেকে বিরত আছে মর্মে আবেদনে উল্লেখ রয়েছে। অধিকন্তু আবেদনের সাথে সংযুক্ত তথ্য প্রমাণাদির দ্বারা আবেদনকারীর অভিযোগের সত্যতা আছে মর্মে প্রতীয়মান হওয়ায় বিষয়টি যাচাই-বাছাই করে মতামত প্রদানের জন্য অনুরোধের পরিপ্রেক্ষিতে উক্ত মাদরাসায় সহকারী শিক্ষক (বিজ্ঞান) এর পদ শূন্য রয়েছে মর্মে সূত্রে বর্ণিত (৫) স্মারকের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, বগুড়া কর্তৃক বিষয়টি এ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। অধিকন্তু জেলা শিক্ষা অফিসার বগুড়া কর্তৃক তাঁর পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, তাঁর (সুপার) নেতিবাচক ভূমিকার কারণে নূরজাহান খাতুনকে সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে নিয়োগ সম্পন্ন করা সম্ভব হয়নি।

০৫. সর্বোপরি ইতোমধ্যে এনটিআরসিএ কর্তৃক নতুনভাবে শূন্যপদের তালিকা চাওয়া হয়েছে। এনটিআরসিএ কর্তৃক পূর্বের সুপারিশকৃত প্রার্থীকে নিয়োগ না দিয়ে সুপারিশকৃত পদ শূন্য দেখিয়ে এনটিআরসিএ-র নিকট শূন্য পদের তালিকা প্রেরণ সরকারি সিদ্ধান্তের অবমাননা করা সহ জটিলতার সৃষ্টির পায়তারা মাত্র।

০৬. এমতাবস্থায়, এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত প্রার্থীকে (নূরজাহান খাতুন) তাঁর জন্য সুপারিশকৃত {সহকারী শিক্ষক (বিজ্ঞান)} পদে (জেলা শিক্ষা অফিসার, বগুড়ার পত্রের আলোকে উক্ত পদ এখনো শূন্য থাকায়) আগামী ৩১.১২.২০১৭খ্রি. তারিখের মধ্যে নিয়োগ নিশ্চিত করে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্দিষ্ট সময়ে কার্য সম্পাদন এবং অবহিত করণে ব্যর্থ হলে বিষয়টি ইচ্ছাকৃতভাবে সরকারি নির্দেশনা অমান্য করা বিবেচনাক্রমে তাঁর (সুপার) এমপিও বন্ধের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।


(ড. মোঃ আঃ মান্নান মোল্লা)

সহকারি পরিচালক

দাখিল ও এবতেদায়ি মাদরাসা

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন-নং-৯৩৫৭১৬১

ই-মেইল-dgdmeb@gmail.com

সুপার

অর্জুনগাড়া তাজ সিদ্দিকীয়া দাখিল মাদরাসা

ডাকঘর: বিনাহালী, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ:- সহ: সচিব (মাদরাসা-২)]

২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।

৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।

৪. অফিস কপি।